

মোংলা বন্দর কর্তৃপক্ষ

মোংলা, বাগেরহাট।

বিষয়ঃ ০৩/০৩/২০২১ তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় অনুষ্ঠিত মবক'র মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা, ওএসপি, এনপিপি, পিএসসি, চেয়ারম্যান।  
তারিখ : ০৩-০৩-২০২১ খ্রিঃ।  
সময় : ১০.৩০ ঘটিকা।  
স্থান : মবক'র সভা কক্ষ।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন) সভায় কার্যপত্র উপস্থাপন করেন।

বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ:-

- ১। গত ২৮-১২-২০২০ তারিখ অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হয়।
- ২। বিগত সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

ক্রঃনং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	অডিট কার্যক্রম পরিচালনা এবং অডিট আপত্তি হ্রাস প্রসঙ্গে। এজেন্ডা শুরুর তারিখঃ ২৯/১০/২০১৯	(১) প্রধান নিরীক্ষা কর্মকর্তা জানান যে, অমীমাংসিত অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ১৩টি অনুচ্ছেদ (অগ্রিম) সম্বলিত একটি ত্রিপক্ষীয় সভার কার্যপত্র গত ০৫-০১-২০২১ তারিখে নৌপমে প্রেরণ করা হয়েছে। অদ্যাবধি সভার তারিখ নির্ধারিত হয়নি। (২) সকল বিভাগের সমন্বয়ে অডিট আপত্তির জবাব প্রস্তুত করে অনিষ্পন্ন আপত্তি সমূহ নিষ্পত্তির জন্য আন্তঃ বিভাগীয় সভা আহবান কার্যক্রম চলমান। (৩) ক. গত ১২-০৩-২০২০ তারিখে অনুষ্ঠিত ত্রিপক্ষীয় অডিট কমিটির সভায় ২৩টি আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে উপস্থাপন করা হলে ১৮টি আপত্তি নিষ্পত্তির সুপারিশ পাওয়া যায় এবং ৫টি আপত্তির উপর মন্তব্য প্রদান করে। উক্ত বিষয়ে সুপারিশসহ নৌপম কর্তৃক পত্র সংখ্যক-১৯১, তারিখঃ ২৫-০৮-২০২০ এর মাধ্যমে পরিবহন অডিট অধিদপ্তরে মীমাংসা পত্র জারীর জন্য পত্র দেয়া হয়েছে। উক্ত আপত্তির মধ্যে হতে পরিবহন অডিট অধিদপ্তরের পত্র নং-৫২৯, তারিখঃ ১১-০১-২০২১ এর মাধ্যমে ০১টি আপত্তির মন্তব্য পাওয়া গেছে এবং অন্য আপত্তিগুলোর বিষয়ে কার্যক্রম চলমান। খ. অমীমাংসিত অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ৯টি অনুচ্ছেদ (সাধারণ) সম্বলিত একটি দ্বিপক্ষীয় সভা গত ১১-০২-২০২১ তারিখে মবক'র সভাকক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ০৫(পাঁচ) টি আপত্তি নিষ্পত্তির সুপারিশ ও অন্য ০৪(চার) টি আপত্তির বিষয়ে মন্তব্য করা হয়। সভার কার্যবিবরণী গত ১৮/০২/২০২১খ্রিঃ তারিখে পরিবহন অডিট অধিদপ্তর, ঢাকায় প্রেরণ করা হয়েছে। অনিষ্পন্নকৃত আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	১৯৯০ সালের পূর্বে যে সমস্ত অডিট আপত্তির বিপরীতে মামলা চলমান আছে তার ব্যাখ্যাসহ কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করতে হবে। এছাড়া অমীমাংসিত অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং সকল বিভাগের সমন্বয়ে অডিট আপত্তির জবাব প্রস্তুত করে যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	প্রধান নিরীক্ষা কর্মকর্তা
২.	মোংলা পৌরসভার সাথে যৌথভাবে পরিচালিত ট্রাক টার্মিনালের নীতিমালা বিষয়ে আলোচনা। এজেন্ডা শুরুর তারিখঃ ২৪/০২/২০২০	পরিচালক (প্রশাসন) জানান যে, বর্তমানে ব্যবহৃত জায়গার অতিরিক্ত কোন জায়গা অন্য কোন স্থান হতে দেয়া হবে না জানিয়ে পৌরসভাকে অনুমোদিত ভবনের নকশার কপি চেয়ে গত ২৯/১২/২০২০ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। অদ্যাবধি কোন জবাব পাওয়া যায়নি। পুনরায় পত্র প্রেরণের কার্যক্রম চলমান। লে-আউট ব্যতিত কোন স্থাপনা যেন না হয় সে দিকে নজর রাখার জন্য প্রধান প্রকৌশলী (সিঃও হাঃ) কে পত্র প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং সিদ্ধান্ত হয় যে পৌরসভার নিকট হতে লে-আউট এবং ভবনের নকশার অনুমোদনের কপি চেয়ে পত্র দিতে হবে।	রেলওয়ে কর্তৃক চাহিত ১.৩৫ একর জমি মবক কর্তৃক অন্য কোন স্থান হতে হস্তান্তর করা হবে না। লে-আউট ব্যতিত কোন স্থাপনা যেন না করা হয় সে দিকে নজর রাখতে হবে এবং লে-আউট ও ভবনের নকশার কপি চেয়ে পৌরসভাকে পুনরায় পত্র প্রেরণ করতে হবে।	পরিচালক (প্রশাসন)/ প্রধান প্রকৌশলী (সিঃও হাঃ)